

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصل الاول

আরবী

وَعَنْ عَمْرٍو بْنِ الْعَاصِ قَالَ: «أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ ابْسُطْ يَمِينَكَ فَلَأْبَايَعَكَ فَبَسَطَ يَمِينَهُ قَالَ فَقَبَضْتُ يَدِي فَقَالَ مَا لَكَ يَا عَمْرُو قُلْتَ أَرَدْتُ أَنْ أَشْتَرِطَ قَالَ تَشْتَرِطُ مَاذَا قُلْتَ أَنْ يُغْفَرَ لِي قَالَ أَمَا عَلِمْتَ أَنَّ الْإِسْلَامَ يَهْدِمُ مَا كَانَ قَبْلَهُ وَأَنَّ الْهَجْرَةَ تَهْدِمُ مَا كَانَ قَبْلَهَا وَأَنَّ الْحَجَّ يَهْدِمُ مَا كَانَ قَبْلَهُ» ؟
وَالْحَدِيثَانِ الْمَرْوِيَّانِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ اللَّهُ تَعَالَى: «أَنَا أَعْنَى الشُّرَكَاءِ عَنِ الشِّرْكِ». وَالْآخِرُ: «الْكِبْرِيَاءُ رِدَائِي» سَنَذْكُرُهُمَا فِي بَابِ الرِّيَاءِ وَالْكِبْرِ إِنْ شَاءَ اللَّهُ تَعَالَى

বাংলা

২৮-[২৭] 'আমর ইবনুল 'আস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে উপস্থিত হয়ে বললাম, হে আল্লাহর রসূল! আমার দিকে আপনার হাত প্রসারিত করে দিন আমি আপনার কাছে ইসলাম গ্রহণের বায়'আত করব। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর হাত প্রসারিত করে দিলেন, কিন্তু আমি আমার হাত টেনে নিলাম। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) (অবাক হয়ে) বললেন, তোমার কি হলো হে 'আমর! আমি বললাম, আমার কিছু শর্ত আছে। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, কি শর্ত? আমি বললাম, আমি চাই আমার (পূর্বের কৃত) গুনাহ যেন মাফ করে দেয়া হয়। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'আমর! তুমি কি জানো না 'ইসলাম গ্রহণ' পূর্বেকার সকল গুনাহ বিনাশ করে দেয়। হিজরত সে সকল গুনাহ মাফ করে দেয় যা হিজরতের পূর্বে করা হয়েছে। এমনিভাবে হাজ্জ (হজ্জ / হজ্জ)ও তার পূর্বের সকল গুনাহ মিটিয়ে দেয়? (বুখারী, মুসলিম)[1]

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত হয়েছে দু'টি হাদীস, প্রথমটি তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, আল্লাহ তা'আলা বলেনঃ আমি শরীককারীদের শির্ক হতে মুক্ত। দ্বিতীয়টি হচ্ছে, 'অহংকার আমার চাদর ইন-শা-আল্লাহ তা'আলা রিয়ার অনুচ্ছেদে শীঘ্রই তা বর্ণনা করব।

English

Chapter - Section 1

'Amr b. al-'As said:

I came to the Prophet and said, "Stretch out your right hand and let me swear allegiance to you." He stretched out his right hand, but I clenched my hand and he said, "What is the matter with you, 'Amr?" I replied, "I want to make a condition." He asked, "What condition do you make?" I replied, "That I should receive forgiveness." He said, "Do you not know, 'Amr, that Islam demolishes what preceded it, that the Hijra demolishes what preceded it, and the Pilgrimage demolishes what preceded it?"

Muslim transmitted it. We shall mention the two traditions transmitted from Abu Huraira, (1) He declared that God said, "I am the one who is most able to dispense with partnership"; (2) "Pride is my cloak", in the chapters on Hypocrisy and Pride, if God most high will.

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১২১, সহীহ ইবনু খুযায়মাহ্ ২৫১৫, সহীহ আল জামি' ১৩২৯, সহীহ আত্ তারগীব ১০৯৭, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৮৯৯০; অত্র হাদীসের **يَا عَمْرُو** শব্দটি মুসলিমের নেই।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কোন অমুসলিম ইসলাম গ্রহণ করার ফলে তার পূর্বের সকল গুনাহ মাফ হয়ে যায়। চাই তা আল্লাহর হুক হোক অথবা বান্দার ওপর যুলম হোক। তা সগীরাহ্ গুনাহ হোক অথবা কাবীরাহ্ (কবিরাহ্) গুনাহ হোক। তবে হিজরত এবং হাজ্জ (হজ্জ/হজ্জ)- এ দুটি কাজ সম্পাদনের ফলে আল্লাহ ও বান্দার মাঝে যে হুক আছে তা মাফ হয় কিন্তু বান্দার হুক মাফ হয় না। এর উপর ইজমা, অর্থাৎ- সকল উম্মাতের ঐকমত্য প্রতিষ্ঠিত আছে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54586>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন